



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন প্রশাসন শাখা

নং-১৭.০০.৩৯১৫.০৩৫.৪৬.১২৯.১৩(অংশ-১)-২৭৯


তারিখঃ ১৫ জুলাই ২০২০

বিষয়ঃ জামালপুর জেলার দেওয়ানগঞ্জ উপজেলার পাররামরামপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদে পুনরায় নির্বাচনের নিমিত্তে গেজেট বাতিলের প্রজ্ঞাপন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে মাননীয় আপিল বিভাগের পূর্ণাঙ্গ বেঞ্চ সিপিএলএ নং-২২২০/২০১৯ এর ২০ জানুয়ারি ২০২০ তারিখের আদেশে মাননীয় হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-১০৭৫৯/২০১৮ এর ২৩ এপ্রিল ২০১৯ তারিখের প্রদত্ত রায় ও আদেশ বহাল থাকায় জামালপুর জেলার দেওয়ানগঞ্জ উপজেলার ০৩নং পাররামরামপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদে পুনরায় নির্বাচনের উদ্দেশ্যে ইতোপূর্বে প্রকাশিত গেজেট বাতিলের নিমিত্তে মাননীয় নির্বাচন কমিশনের সিদ্ধান্ত অনুসারে ১৪ জুলাই ২০২০ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত গেজেট বাতিলের প্রজ্ঞাপনের ১৫ (পনেরো) কপি প্রয়োজনীয় কার্য ব্যবস্থা গ্রহণের নিমিত্তে এতদসঙ্গে প্রেরণ করা হল।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক

✓ জেলা প্রশাসক
জামালপুর



(মোঃ মিজানুর রহমান)
উপসচিব (চলতি দায়িত্ব)
ফোনঃ ৫৫০০৭৫৬৫
মোবাইলঃ +৮৮-০১৫৫০০৪২০৫৩
mizanr63@yahoo.com

নং-১৭.০০.৩৯১৫.০৩৫.৪৬.১২৯.১৩(অংশ-১)- ২৭৯

তারিখঃ ১৫ জুলাই ২০২০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা (০২ কপি)
- ২। সিস্টেম ম্যানেজার, আইসিটি অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (০১ কপি) (নির্বাচন কমিশনের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ (০২ কপি)
- ৪। জেলা নির্বাচন অফিসার, জামালপুর (০৩ কপি) [ইন্ট্রানেট হতে গেজেটের কপি জেলা প্রশাসক মহোদয় কে সরবরাহের অনুরোধ সহ]
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, দেওয়ানগঞ্জ, জামালপুর (০৩ কপি)
- ৬। সহকারী সচিব (নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২) (০২ কপি)
- ৭। উপজেলা নির্বাচন অফিসার, দেওয়ানগঞ্জ, জামালপুর (০৩ কপি)
- ৮। নির্বাচন কমিশন সচিবালয় গ্রন্থাগার (০২ কপি), (গ্রন্থাগারে সংরক্ষণের জন্য)।

(মোঃ মিজানুর রহমান)
উপসচিব (চলতি দায়িত্ব)

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ১৪, ২০২০

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন প্রশাসন শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৯ আষাঢ় ১৪২৭/১৩ জুলাই ২০২০

নং ১৭.০০.৩৯১৫.০৩৫.৪৬.১২৯.১৩(অংশ-১)-২৭৭।—মাননীয় আপিল বিভাগের পূর্ণাঙ্গ বেঞ্চ সিপিএলএ নং-২২২০/২০১৯ এর ২০ জানুয়ারি ২০২০ তারিখের আদেশে রিট পিটিশন নং-১০৭৫৯/২০১৮ এর ২৩ এপ্রিল ২০১৯ তারিখের প্রদত্ত রায় ও আদেশ বহাল থাকায় ইতিপূর্বে সিপিএলএ নং-২২২০/২০১৯ এর ২৭ আগস্ট ২০১৯ তারিখের আদেশের ক্ষেত্রে ১৬ নভেম্বর ২০১৯ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ২৫০২১ নং পৃষ্ঠায় প্রকাশিত ১৭.০০.৩৯১৫.০৩৫.৪৬.১২৯.১৩-১৩১৫নং স্মারকের প্রজ্ঞাপনটি বাতিল করে জামালপুর জেলার দেওয়ানগঞ্জ উপজেলাধীন ০৩নং পাররামরামপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদে আদেশের কপি প্রাপ্তির ০৪ মাসের মধ্যে পুনঃনির্বাচন অনুষ্ঠানের আইনগত বাধ্যবাধকতা থাকায় নির্বাচন কমিশন এতদ্বারা গত ২১ জুন ২০১৬ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ১০৬০৫ নং পৃষ্ঠায় প্রকাশিত ১নং কলামে বর্ণিত ‘পাররামরামপুর’ এর বিপরীতে ২নং কলামে বর্ণিত ‘মোঃ ফজলে রাকী, পিতা-মৃত গাজী নাছির উদ্দিন, গ্রাম-তারাতিয়া’ এবং ৩নং কলামে বর্ণিত ‘বাংলাদেশ আওয়ামী লীগ’ ও ৫নং কলামে বর্ণিত ‘চেয়ারম্যান’ শব্দ ও চিহ্নসমূহ বিলুপ্ত করিলেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আতিয়ার রহমান

উপসচিব (নির্বাচন পরিচালনা-২)।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৭৩৩৫)

মূল্য : টাকা ৪.০০